



ড. এ কে এম রফিকুল হক ২০২২ সালের ১৬ আগস্ট বাংলাদেশ চা বোর্ডের প্রকল্প উন্নয়ন ইউনিটে পরিচালক পদে যোগদান করেন।

তিনি ১৯৭৬ সালের ১লা জানুয়ারি শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার নড়কলিকাতা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ২০০১ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) হতে বি এস সি এজি (অনার্স) ও ২০০৩ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে এম এস-ইন সয়েল সাইন্স ডিগ্রি অর্জন করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর প্রাণীবিদ্যা বিভাগ হতে “Physico-chemical Properties of Tea Garden Soil and Improvement of Tea Productivity Through Integrated Management of Soil Dwelling Pests in Sylhet Region, Bangladesh” বিষয়ে গবেষণা করে ২০১৭ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

ড. রফিকুল হক ২০০৪ সালের অক্টোবর মাসে বাংলাদেশ চা বোর্ডে প্রকল্প উন্নয়ন ইউনিট-এর সহকারী উন্নয়ন কর্মকর্তা হিসেবে যোগ দেন। তাঁর নিপুন কর্মদক্ষতায় ২০১২ সালের ২ জুলাই উন্নয়ন কর্মকর্তা পদে এবং ২০১৮ সালের ৭ ফেব্রুয়ারি উর্ধ্বতন উন্নয়ন কর্মকর্তা পদে পদোন্নতি লাভ করেন। পরবর্তীতে ২০১৮ সালের ১৫ মার্চ তারিখে বাংলাদেশ চা বোর্ডের প্রকল্প উন্নয়ন ইউনিটে ভারপ্রাপ্ত পরিচালক পদে দায়িত্বপ্রাপ্ত হন।

তিনি দেশে বিদেশে চায়ের উপর বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেন। ২০০৫ সালে ভারতের তামিলনাড়ুতে কোথারি এগ্রিকালচার ম্যানেজমেন্ট সেন্টারে Advanced Tea Plantation Management বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়াও ২০১৬ সালে চীনের ফুজিয়ান প্রদেশে Zhanzhou College of Science & Technology -তে Pollution Free Tea Production Technology for Developing Countries বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। বাংলাদেশের ক্ষুদ্র পর্যায়ে চা আবাদ সম্প্রসারণ এবং বাংলাদেশের চা ব্রান্ডিং উন্নয়নকল্পে তিনি ২০১৯ সালে শ্রীলংকা টি বোর্ড, টি রিসার্চ ইনস্টিটিউট অব শ্রীলংকা এবং টি স্মল হোল্ডিংস ডেভেলপমেন্ট অথোরিটি-তে এক্সপোজার ভিজিট করেন।

ড. রফিকুল হকের দেশি বিদেশি জার্নালে ৬টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তাঁর গবেষণার সুফল চা শিল্পে উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং এক পুত্র ও এক কন্যার গর্বিত পিতা।



Dr. AKM Rafikul Hoque joined Project Development Unit of Bangladesh Tea Board on 16 August, 2022 as Director.

He was born in a noble muslim family on 1 January, 1976 in the village of Narkalikata in Naria upazila of Shariatpur district. He obtained his graduation in Agriculture from Bangladesh Agricultural University (BAU) in the year 2001 and Master of Science in Soil Science in the year 2003 from the same University. He received his PhD in 2017 from the Department of Zoology, Jahangirnagar University, for his research on "Physico-chemical Properties of Tea Garden Soil and Improvement of Tea Productivity through Integrated Management of Soil Dwelling Pests in Sylhet Region, Bangladesh".

Dr. Rafikul Hoque joined Bangladesh Tea Board in October 2004 as Assistant Development Officer of Project Development Unit. Due to his skillful performance, he was promoted to the post of Development Officer on 2 July 2012 and Senior Development Officer on 7 February 2018. Later, on 15 March 2018, he was appointed as Director-in-Charge in the Project Development Unit of Bangladesh Tea Board.

He has attended several professional courses on tea at home and abroad. In 2005, Dr. Rafikul Hoque received training in Advanced Tea Plantation Management at Kothari Agriculture Management Center in Tamil Nadu, India. He also completed training on Pollution Free Tea Production Technology for Developing Countries at Zhanzhou College of Science & Technology in Fujian Province, China in 2016. He participated in exposure visits to Sri Lanka Tea Board, Tea Research Institute of Sri Lanka and Tea Small Holdings Development Authority in 2019 to expand tea cultivation in Bangladesh on Small Holdings and to develop tea branding in Bangladesh.

Dr. Rafikul Hoque has published 6 research articles in local and foreign journals. The benefits of his research will play an important role in the development of the tea industry.

In his personal life, he is married and the proud father of one son and one daughter.